



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৪৫

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৯.২৩.৮০৩৩; তারিখ: ২১.০৯.২০২৩

(২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৫৫.০১৪.২২.১০৪৯; তারিখ: ২৯.১০.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন চরকালিবাজার হামিদিয়া মহিলা দাখিল মাদ্রাসার সুপার চলমান ম্যানেজিং কমিটির সভাপতির বিভিন্ন অপকর্মের জন্য তার প্রতি অনাস্থা পূর্বক ০৮(আট) জন সদস্য পদত্যাগ করেছেন মর্মে অভিযোগ দাখিল করেন। অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য এবং সভাপতির বিভিন্ন অনিয়মের বিষয়ে সুস্থ তদন্তের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহকে পত্র দেয়া হয়। সে মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সভাপতির বিরুদ্ধে আনীত ০৪টি অভিযোগ প্রমাণিত হয়েছে। ম্যানেজিং কমিটির ০৮ জন সদস্য পদত্যাগের কথা অভিযোগে উল্লেখ থাকলেও অভিভাবক সদস্যবৃন্দ পদত্যাগ করেনি।

তদন্তকারী কর্মকর্তা ০৫টি বিষয় নিম্নোক্তভাবে উল্লেখ করেছেন। (ক) শিক্ষা প্রতিষ্ঠানটি সুষ্ঠুরূপে পরিচালনার জন্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও সভাপতি মহোদয়ের মধ্যে অন্তর্দ্বন্দ্ব রয়েছে। সভাপতি মহোদয় বেতন বিলে স্বাক্ষরে কালক্ষেপন করে থাকেন; (খ) সভাপতি মহোদয় যথাযথ উপায়ে আয়-ব্যয়ের হিসাব প্রদর্শন না করায় শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনায় অস্বচ্ছতা দেখা দিয়েছে; (গ) মাদ্রাসার ম্যানেজিং কমিটির পক্ষে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সভাপতির একক আধিপত্য লক্ষ্যণীয়; (ঘ) অভিভাবক সদস্যগণ কখনই তাদের সদস্য পদ থেকে অব্যাহতি চাননি। তাদের অগোচরে আবেদনে সাফর নেয়া হয়েছে। অন্যদিকে পুরাতন কমিটি বাতিলের সমর্থনে কোনো সভা আহবান বা কার্য বিবরণী তৈরী করা হয় নাই; এবং (ঙ) শূণ্যপদে সহকারি সুপার নিয়োগের বিজ্ঞপনের বিষয়টি সার্বিকভাবেই গোপনীয়তা বজায় রেখে করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর প্রবিধান ৩৮ এর উপ-প্রবিধান (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতির পদ কেন বাতিল করা হবে না তার জবাব পত্র জারির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭-১১-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, ম্যানেজিং কমিটি, চরকালিবাজাইল হামিদিয়া মহিলা দাখিল মাদ্রাসা, ফুলবাড়িয়া, ময়মনসিংহ এবং
- ২। সুপার, চরকালিবাজাইল হামিদিয়া মহিলা দাখিল মাদ্রাসা, ফুলবাড়িয়া, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৪৫/১(৬)

১২ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
- ৫। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৬। অফিস কপি।



২৯-১১-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার